২০ মার্চ- ২০২৪

# বাজুস মিডিয়া অ্যাওয়ার্ড ২০২৪

# সংবাদমাধ্যমে প্রকাশিত ও প্রচারিত প্রতিবেদন আহ্বান

দেশের অন্যতম প্রাচীন, ঐতিহ্যবাহী ও জাতীয় অর্থনীতির সম্ভাবনাময় খাত জুয়েলারি শিল্প নিয়ে তথ্যবহুল, অনুসন্ধানী ও গবেষণাধর্মী কাজে পেশাদার সাংবাদিকদের অনুপ্রাণিত করতে বাংলাদেশ জুয়েলার্স এসোসিয়েশন (বাজুস) দ্বিতীয়বারের মতো 'বাজুস মিডিয়া অ্যাওয়ার্ড ২০২৪' প্রদান করতে যাচ্ছে।

এজন্য গণমাধ্যমে প্রকাশিত ও প্রচারিত সংবাদ প্রতিবেদন আহ্বান করা হচ্ছে।

# প্রতিবেদনের বিষয়

- ১. জুয়েলারি শিল্পের বর্তমান অবস্থা
- ২. অর্থনীতিতে জুয়েলারি শিল্পের অবদান
- ৩. নতুন বিনিয়োগ, কর্মসংস্থানের সম্ভাবনা ও চ্যালেঞ্জ
- 8. বৈশ্বিক প্রেক্ষাপটে জুয়েলারি খাতের সম্ভাবনা
- ৫. রপ্তানি সম্ভাবনা ও প্রতিযোগিতা সক্ষমতা
- ৬. জুয়েলারি খাতে ব্যাংকের অর্থায়ন
- ৭. জুয়েলারি খাতে স্বর্ণ নীতিমালার প্রভাব
- ৮. ব্যাগেজ রুলস
- ৯. অলঙ্কারের মান ও ডিজাইন
- ১০. রাজম্ব ব্যবস্থাপনা ও নীতিগত ইস্যু
- ১১. হয়রানি ও প্রতিবন্ধকতা
- ১২. চোরাচালান পরিস্থিতি ও প্রতিরোধে করণীয়
- ১৩. কর্ম পরিবেশসহ আনুষাঙ্গিক বিষয়
- ১৪. কারিগরি শিক্ষায় জুয়েলারি শিল্প

# পুরস্বারের ক্যাটাগরি

জুয়েলারি শিল্প খাত নিয়ে সেরা প্রতিবেদনের জন্য নিম্নলিখিত ক্যাটাগরিতে পুরস্কার দেয়া হবে-

- সংবাদপত্র (বাংলা ও ইংরেজি): বাংলাদেশ থেকে প্রকাশিত সংবাদপত্রে প্রকাশিত সেরা প্রতিবেদন।
- অনলাইন নিউজপোর্টাল: বাংলাদেশ থেকে পরিচালিত নিবন্ধিত অনলাইন নিউজপোর্টালে প্রকাশিত সেরা প্রতিবেদন।
- টেলিভিশন: বাংলাদেশের যে কোনো টেলিভিশনে সম্প্রচারিত সংবাদ প্রতিবেদন।

#### পুরন্ধারের সংখ্যা ও মান

প্রতি ক্যাটাগরিতে ৩টি করে মোট ৯টি পুরক্ষার দেয়া হবে। পুরক্ষারের মান নিম্নরূপ:-

প্রথম পুরস্কার (প্রত্যেক ক্যাটাগরিতে একটি): ১ লাখ ৫০ হাজার টাকা মূল্যমানের স্বর্ণপদক এবং সম্মাননাপত্র। দ্বিতীয় পুরস্কার (প্রত্যেক ক্যাটাগরিতে একটি): ১ লাখ ২৫ হাজার টাকা মূল্যমানের স্বর্ণপদক এবং সম্মাননাপত্র। তৃতীয় পুরস্কার (প্রত্যেক ক্যাটাগরিতে একটি): ১ লাখ টাকা মূল্যমানের স্বর্ণপদক এবং সম্মাননাপত্র।



#### বিচার পদ্ধতি

দেশের প্রথিতযশা সাংবাদিকদের নিয়ে গঠিত একটি নিরপেক্ষ জুরি বোর্ড সকল প্রতিবেদনের মান যাচাই করবেন। এই জুরি বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত। জুরি বোর্ডের মূল্যায়নের ভিত্তিতে প্রতিটি ক্যাটাগরিতে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জনকারী সাংবাদিককে পুরস্কার প্রদান করা হবে।

# প্রতিবেদন প্রকাশ বা প্রচারের সময়সীমা

২০২৩ সালের ১ জুলাই থেকে ২০২৪ সালের ৩০ জুন পর্যন্ত সময়কালে প্রকাশিত বা প্রচারিত সংবাদ প্রতিবেদন 'বাজুস মিডিয়া অ্যাওয়ার্ড ২০২৪'-এর জন্য বিবেচিত হবে।

#### প্রতিবেদন জমা দেওয়ার নিয়ম

- একজন সাংবাদিক শুধুমাত্র একটি ক্যাটাগরিতে পুরশ্বারের জন্য প্রতিবেদন জমা দিতে পারবেন। একজন একটির বেশি প্রতিবেদন জমা দিতে পারবেন না। তবে কোনো বিষয়ে ধারাবাহিক প্রতিবেদন প্রকাশিত বা প্রচারিত হলে সবগুলো পর্ব মিলে একটি প্রতিবেদন বিবেচিত হবে।
- সংবাদপত্র ও অনলাইন নিউজপোর্টালে প্রকাশিত শুধুমাত্র সংবাদ প্রতিবেদন এই পুরস্কারের জন্য জমা দেয়া
  যাবে। কলাম, প্রবন্ধ-নিবন্ধ বা মতামতভিত্তিক লেখা পুরস্কারের জন্য বিবেচিত হবে না। টেলিভিশনের ক্ষেত্রে
  শুধু নিউজ বুলেটিনে প্রচারিত প্রতিবেদন জমা দেয়া যাবে। কোন ধরনের অনুষ্ঠান পুরস্কারের জন্য বিবেচিত
  হবে না।
- কোন সংবাদপত্রের ওয়েবপোর্টালে প্রকাশিত প্রতিবেদন অনলাইন ক্যাটাগরিতে পুরক্ষারের জন্য বিবেচিত হবে
  না।
- ৪. সংবাদপত্র (বাংলা ও ইংরেজি উভয়) এবং অনলাইন নিউজপোর্টালে প্রকাশিত প্রতিবেদনের ক্ষেত্রে প্রকাশের তারিখসহ মূল কপি এবং কম্পোজ করা এক কপি প্রতিবেদন জমা দিতে হবে। মূল কপি সংশ্লিষ্ট সংবাদপত্র ও অনলাইনের সম্পাদক/বার্তা সম্পাদক/প্রধান প্রতিবেদকের ( যে কোনো একজনের) সত্যায়িত হতে হবে। কম্পোজ করা কপির কোথাও রিপোর্টার ও সংবাদপত্র/অনলাইনের নাম উল্লেখ করা যাবে না। এটি সত্যায়িত করারও প্রয়োজন নেই ।
- ৫. টেলিভিশনে সম্প্রচারিত সংবাদ প্রতিবেদনের ক্ষেত্রে প্রচারিত রিপোর্টের ভিডিও সিডি/পেনড্রাইভে জমা দিতে হবে। সেইসঙ্গে সংবাদ পাঠকের পঠিত অংশসহ (লিঙ্ক) রিপোর্টের লিখিত ক্রিপ্ট জমা দিতে হবে। রিপোর্ট প্রচারের তারিখ উল্লেখসহ সংশ্লিষ্ট টেলিভিশনের বার্তা প্রধান/প্রধান বার্তা সম্পাদক/প্রধান প্রতিবেদকের প্রত্যয়নপত্র জমা দিতে হবে।
- ৬. প্রতিবেদনের সঙ্গে প্রতিবেদকের মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানাসহ সংক্ষিপ্ত জীবন বৃত্তান্ত এবং এক কপি ছবি জমা দিতে হবে।

# প্রতিবেদন জমা দেয়ার সময়

অ্যাওয়ার্ডের জন্য মনোনয়ন পেতে অগ্রহী সাংবাদিকদের আগামী ১৫ জুলাই, ২০২৪ বিকেল ৫টার মধ্যে বাজুস অফিসের ঠিকানায় সরাসরি বা ডাকযোগে প্রতিবেদন জমা দিতে হবে। খামের উপর সুস্পষ্টভাবে ক্যাটাগরি উল্লেখ করতে হবে।

# প্রতিবেদন জমার ঠিকানা

বাজুস মিডিয়া অ্যাওয়ার্ড ২০২৪ বাংলাদেশ জুয়েলার্স এসোসিয়েশন (বাজুস) লেভেল-১৯, বসুন্ধরা সিটি শপিং কমপ্লেক্স, পান্থপথ, ঢাকা- ১২১৫, বাংলাদেশ । ফোন: +৮৮০২৫৮১৫১০১২, হটলাইন: +৮৮০৯৬১২১২০২০২ ইমেইল: info@bajus.org, ওয়েবসাইট: www.bajus.org